তারিখ 2 9 APR 1995 ... ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... 7 ...

11

# বেসকারী শিক্ষকদের এপ্রিল মাসের বেতন সম্পর্কে জ্ঞাতব্য

আসন্ন ঈদুল আযহার পূর্বে বন্টনের উদ্দেশ্যে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদ্রাসায়) কর্মরত শিক্ষক-কর্মচারীদের এপ্রিল মাসের বেতন, ভাতা বাবদ সরকারী অংশের টাকার চেক অগ্রণী, জনতা, সোনালী এবং রূপালী ব্যাংকের ঢাকার প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হইয়াছে। এ টাকা উত্তোলনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদেরকে আগামী ৯ই মে'র মধ্যে নিজ নিজ শাখা ব্যাংকের সাথে যোগাযোগ করিতে পরামর্শ দেওয়া হইয়াছে।

যে সকল শিক্ষা প্রতিষ্ঠান অথবা শিক্ষক-কর্মচারী চলতি অর্থ বছরের পূর্ববর্তী মাসের সরকারী অংশের টাকা পূর্ব নির্ধারিত সময়-সূচীর মধ্যে উত্তোলন করিতে পারেন নাই তাহারাও সেই টাকা এ সময়ের মধ্যে উত্তোলন করিতে পারিবেন। —তথ্য বিবরণী